


LeDeR - শিখন অক্ষমতা এবং অটিস্টিক আক্রান্ত লোকজন (LeDeR)-এর জীবন ও মৃত্যু থেকে শেখা



LeDeR কী

NHS



LeDeR হলো NHS-এর একটি প্রোগ্রাম যার উদ্দেশ্য হলো শিখন অক্ষমতা এবং অটিস্টিক আক্রান্ত লোকজনের জন্য পরিষেবা উন্নত করা।



NHS England and NHS Improvement



2017 সালে প্রবর্তিত LeDeR NHS ইংল্যান্ড এবং NHS ইমপ্রুভমেন্ট কর্তৃক অর্থায়িত।



LeDeR হলো বিশ্বের প্রথম কোনো প্রোগ্রাম যা শিখন অক্ষমতাসম্পন্ন লোকজনের মৃত্যু নিয়ে কাজ করে।

LeDeR-এর কাজের উদ্দেশ্য:



- শিখন অক্ষমতা এবং অটিস্টিক আক্রান্ত ব্যক্তিদের জন্য স্বাস্থ্য পরিচর্যা ও সোশ্যাল কেয়ারকে আরো উন্নত করা।



- পরিচর্যার উন্নতি সাধনের মাধ্যমে বেশি সংখ্যক মানুষের অকালমৃত্যু বন্ধ করা



- শিখন অক্ষমতা এবং অটিস্টিক আক্রান্ত ব্যক্তিদের জন্য স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য হ্রাস করা।




স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য হলো স্বাস্থ্য পরিচর্যার মধ্যে সংঘটিত পার্থক্য যা অন্যায্য এবং যা এড়ানো যায়।

LeDeR পর্যালোচনা



LeDeR পর্যালোচনায় স্বাস্থ্য পরিচর্যা ও সোশ্যাল কেয়ারের অধীনে থাকা ব্যক্তির সাথে সংশ্লিষ্ট বিষয়াদির উপর নজর দেওয়া হয়।


আমরা যেসব উদ্দেশ্যে LeDeR পর্যালোচনা সম্পন্ন করি:



- কোনো ব্যক্তির পরিচর্যায় সংঘটিত ভাল দিকগুলো অনুসন্ধান করা।



- স্বাস্থ্য পরিচর্যা ও কেয়ার পরিষেবাগুলোকে কিভাবে উন্নত করা যায় তা নির্ণয় করা।



আমরা কাউন্টি জুড়ে ঘটা ভাল ঘটনার উদাহরণ শেয়ার করি।

কোনো মৃত্যুর ঘটনাকে আমি কিভাবে অবহিত করব?



যেকেউ নিচের অনলাইন ফর্ম ব্যবহার করে এমন কারো মৃত্যু সম্পর্কে রিপোর্ট করতে পারেনযার:

- বয়স 18 বা তার বেশি, এবং
- যিনি শিখন অক্ষমতা বা অটিস্টিক আক্রান্ত ছিলেন।



ফর্মটি পূরণ করতে 15 মিনিটের মতো সময় লাগবে।

www.leder.nhs.uk/report



18 বছরের কম বয়সী কোনো শিশু বা যুবকের মৃত্যু সম্পর্কে রিপোর্ট করতে, অনুগ্রহ করে দেখুন:

www.gov.uk/government/publications/child-death-reviews-forms-for-reporting-child-deaths

আরও তথ্য



আপনি NHS ওয়েবসাইট থেকে LeDeR
সম্পর্কে আরও জানতে পারবেন

www.leder.nhs.uk বা

[www.leder.nhs.uk/?view=article
&id=69:leder-leaflet-for-families-
english](http://www.leder.nhs.uk/?view=article&id=69:leder-leaflet-for-families-english)

মৃত্যু সম্পর্কে কিভাবে রিপোর্ট করবেন সে
সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে
এই ভিডিওটি দেখুন: [www.youtube.com/
watch?v=iVYWqAjahv8&t=153s](http://www.youtube.com/watch?v=iVYWqAjahv8&t=153s)

জাতীয় বার্ষিক রিপোর্ট:

[www.leder.nhs.uk/resources/
annual-reports](http://www.leder.nhs.uk/resources/annual-reports)

স্থানীয় LeDeR প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন: leder.programme@nhs.net



সময় নিয়ে এই ফ্লয়ারটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ।